

## জীবন বৃত্তান্ত



জনাব মহ. মনিরুজ্জামান কুষ্টিয়া জেলায় কুমারখালী উপজেলার নিতাইলপাড়া গ্রামে ১৯৬৬ সালের ৫ জানুয়ারী জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মৃত মহিউদ্দিন ও মাতার নাম মৃত সুফিয়া বেগম। তিনি দক্ষিণ মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় হতে এস.এস.সি., কুমারখালী কলেজ হতে এইচ.এস.সি. এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগ হতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী হতে PGD on Planning & Development ও PGD on ICT for Development বিষয়ে ডিপ্লোমা এবং নয়াদিল্লি, ভারত হতে Human Resource Planning & Development বিষয়ে এম. এস. ডিগ্রি অর্জন করেন।

তিনি একাদশ ব্যাচে ১৯৯৩ সালের ১ এপ্রিল বিসিএস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়ে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি সহকারী কমিশনার (ভূমি), আরডিসি, উপজেলা নির্বাহী অফিসার, সিনিয়র সহকারী সচিব, প্রধান নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক হিসেবে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থায় দায়িত্ব পালন করেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি পদ্মা বহুমুখী প্রকল্পে উপপরিচালক (এলএ) হিসেবে কর্মরত ছিলেন। তিনি বিগত ৮ এপ্রিল ২০১৮ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত, যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, সিঙ্গাপুর, কোরিয়া, জাপান, ফিলিপাইন, কাশ্মেরিয়া, চীন, শ্রীলঙ্কা ও ইন্দোনেশিয়া ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র ও এক কন্যা সন্তানের জনক।